- এ বিক্রিয়ায় ক্লোরিন সোডিয়ামকে জারিত করে NaCl এ পরিণত করে। বিক্রিয়াকালে প্রত্যেক Na পরমাণু একটি করে ইলেকট্রন দান করে। কাজেই এটি একটি জারণ প্রক্রিয়া। আবার প্রত্যেক ক্লোরিন পরমাণু একটি একটি করে ইলেকট্রন গ্রহণ করে। সুতরাং ক্লোরিন জারক পদার্থ। বিজারণের সংজ্ঞা মতে, বিজারণ প্রক্রিয়া হচ্ছে ইলেকট্রন গ্রহণ প্রক্রিয়া। যেহেতু বিক্রিয়াকালে ক্লোরিন ইলেকট্রন গ্রহণ করে সেহেতু জারক পদার্থ জারণকালে নিজে বিজারিত হয়ে যায়।
- আবার, সোডিয়াম ক্লোরিনকে বিজারিত করে NaCl এ পরিণত করে। এটি একটি বিজারণ বিক্রিয়া। কারণ, বিক্রিয়াকালে ক্লোরিন পরমাণু ইলেকট্রন গ্রহণ করে। Na বিজারক পদার্থ কারণ ইহা ইলেকট্রন দান করে, জারণের সজ্ঞা মতে, জারণ প্রক্রিয়া হচ্ছে ইলেকট্রন দান প্রক্রিয়া। যেহেতু সোডিয়াম ইলেকট্রন দান করে সেহেতু বিজারক পদার্থ বিজারণকালে নিজে জারিত হয়ে যায়। সুতরাং দেখা যায় যে, জারক পদার্থ জারণকালে নিজে বিজারিত হয়ে যায় এবং বিজারক পদার্থ বিজারণকালে নিজে জারিত হয়ে যায়। অর্থাৎ জারণ ছাড়া বিজারণ এবং বিজারণ ছাড়া শুধুমাত্র জারণ সংঘটিত হয় না, সুতরাং জারণ ও বিজারণ যুগপৎ সংঘটিত হয়।

- **প্রশ্নঃ জারণ সংখ্যা কাকে বলে? জারণ সংখ্যা কিরূপে নির্ণয় করা হয়।**
- **উত্তরঃ** কোন যৌগে একটি পরমাণু যে অবস্থায় আছে, মৌলের মুক্ত অবস্থা হতে সে অবস্থায় আসতে পরমাণুটিকে যতসংখ্যক ইলেকট্রক বর্জন বা গ্রহণ বা শেয়ার করতে হয়, সেই সংখ্যাকে ঐ যৌগে ঐ পরমাণুর জারণ সংখ্যা বলে। কোন যৌগে কোনো মৌলের উপরিস্থিত চার্জ সংখ্যাকে ঐ যৌগে মৌলটির জারণ সংখ্যা বলে।
- ইলেকট্রন দান করলে জারণ সংখ্যা ধনাত্মক এবং ইলেকট্রন গ্রহণ করলে জারণ সংখ্যা ঋণাত্মক হয়। প্রকৃতপক্ষে কোন যৌগে কোন মৌল কতসংখ্যক কিরূপ তড়িৎ আধানযুক্ত, জারণ সংখ্যা তাই নির্দেশ করে।
- উদাহরণঃ আয়নিক যৌগে NaCl গঠনকালে Na পরমাণু থেকে একটি ইলেকট্রন অপসারিত হয়েছে। সুতরাং এই যৌগে Na এর জারণ সংখ্যা +1 । অপরদিকে Cl পরমাণু একটি ইলেকট্রন গ্রহণ করেছে। অপসারণের বিপরীত প্রক্রিয়া ঘটেছে বলেই এই যৌগে Cl এর জারণ সংখ্যা –1 । অবশ্য সমযোজী যৌগের ক্ষেত্রে জারণ সংখ্যা নির্ণয়ের সময়, শেয়ারকৃত ইলেকট্রনের প্রতি যে মৌলের আসক্তি বেশি তার জারণমান "–" চিহ্ন এবং যে মৌলের আসক্তি কম তার জারণ মান "+" চিহ্ন দ্বারা প্রকাশ করা হয়। যেমন– HCl এ H এর জারণ মান +1 এবং Cl এর জারণ সংখ্যা –1
- **জারণ সংখ্যা নির্ণয়ের নিয়মঃ**
- ১। চার্জ নিরপেক্ষ যৌগে উহার মৌলসমূহের জারণ সংখ্যার বীজগণিতীয় যোগফল শূণ্য হবে। আয়নের বেলায় এই যোগফল আয়নের চার্জের সমান হয়।
- ২। অক্সিজেনের জারণ সংখ্যা পার অক্সাইড –1, সুপারঅক্সাইড ( KO2KO2) – ½ ধরা হয়, অক্সাইডে –2 ধরা হয়।
- ৩। স্বাভাবিক মুক্ত অবস্থায় সব মৌলের জারণ সংখ্যা শূণ্য।
- ৪। আন্তঃ হ্যালোজেন যৌগসমূহে অধিকতর তড়িৎ ঋণাত্মক মৌলের জারণ সংখ্যা –1 .

| যোজনী | জারণ সংখ্যা |
| --- | --- |
| কোন মৌলের যোজনী হল অপর মৌলের সাথে যুক্ত হওয়ার ক্ষমতা। | ইলেকট্রনীয় ত্যাগ বা গ্রহণের ফলে পরমাণু বা মূলকে ধনাত্মক বা ঋণাত্মক চার্জের সংখ্যাকে ঐ মৌল বা মূলকের জারণ সংখ্যা বলে। |
| যোজনীর শুধু মান থাকে কিন্তু চার্জ থাকে না। MgO এ Mg যোজনী ২ | জারণসংখ্যার মান ও চার্জ উভয়েই থাকে। যেমন – MgO এ Mg এর জারণ সংখ্যা +২ । |
| একই মৌলের বিভিন্ন যৌগে একই যোজনী সংখ্যা হতে পারে। | একই মৌলের বিভিন্ন যৌগে একই যোজনী সংখ্যা হলেও বিভিন্ন জারণ সংখ্যা হতে পারে। যেমন - $CH_4, C_2H_2$ এ $C$ এর যোজনী 8 হলেও এই যৌগসমূহে কার্বনের জারণ সংখ্যা যথাক্রমে -4 এবং -2 |
| নিষ্ক্রিয় গ্যাস ছাড়া কোনো মৌলের যোজনী শূণ্য হতে পারে না। | মৌল অবস্থায় জারণ সংখ্যা শূণ্য হয়। আবার চার্জহীন যৌগের মৌলসমূহের জারণ সংখ্যার যোগফলও শূণ্য হয়। |

# পানি

# **২য় পর্ব**
# **১ম শিফট**

মো: নাজমুল হক
জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

- **পানি**
- বিশুদ্ধ পানির অপর নাম জীবন।
- 
- **পানির খরতা**
- ☞পানিতে ক্যালসিয়াম বা ম্যাগনেসিয়ামের ক্লোরাইড, সালফেট, কার্বনেট বাইকার্বনেট ইত্যাদি লবণ দ্রবীভূত থাকলে উক্ত পানি সাবানের সাথে সহজে ফেনা উৎপন্ন
- করে না। এ ধরনের পানিকে খর পানি বলে।
- 
- ☞খর পানিতে সাবান ঘষলে সহজে ফেনা উৎপাদন করে না কারণ সাবান হলাে উচ্চতর জৈব এসিডের সাােডিয়াম বা পটাশিয়াম লবণ। যেমন— সাােডিয়াম স্টিয়ারেট ($C_{17}H_{35}COONa$) হলাে স্টিয়ারিক এসিডের সাােডিয়াম লবণ। এটি সাবান হিসেবে ব্যবহৃত হয়। এ সাবান দিয়ে খর পানিতে কাপড় কাচা হলে যতক্ষণ পানিতে ক্যালসিয়াম বা ম্যাগনেসিয়ামের লবণ উপস্থিত থাকে ততক্ষণ ফেনা উৎপন্ন হয় না এবং সাবান ক্ষয়প্রাপ্ত হতে থাকে।
- 

- ☞পানির খরতা দুই প্রকার,
- ◑স্থায়ী খরতা এবং
- ◑স্থায়ী খরতা;
-
- **অস্থায়ী খরতা:**
- ◑পানিতে ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, আয়রন প্রভৃতি লবণের বাইকার্বনেট  লবণ দ্রবীভূত থাকলে যে খরতার সৃষ্টি হয় তাকে অস্থায়ী খরতা বলে এবং এই পানিকে অস্থায়ী খর পানি বলা হয়।
- ◑অস্থায়ী খর পানিকে শুধু উত্তপ্ত করলেই অদ্রবণীয় কার্বনেট লবণ উৎপন্ন হয়।
- ◑ তলানি থেকে হাঁকনির মাধ্যমে পানিকে সহজেই পৃথক করা যায়।
-
- **স্থায়ী খরতা:**
- ◑ পানিতে ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম, আয়রন প্রভৃতি লবণের ক্লোরাইড বা সালফেট লবণ দ্রবীভূত থাকলে স্থায়ী খরতার সৃষ্টি হয় এবং এই পানি স্থায়ী খর পানি বলে।
- ◑স্থায়ী খর পানিকে শুধু উত্তপ্ত করলেই স্থায়ী খরতা দূরীভূত হয় না। বিভিন্ন বিক্রিয়ার মাধ্যমে বা বিভিন্ন উপায় অবলম্বন করে স্থায়ী খরতা দূর করা হয়। স্থায়ী খর পানির মধ্যে সাোডিয়াম কার্বনেট যাোগ করলে সাোডিয়াম কার্বনেট ক্যালসিয়াম আয়ন ও ম্যাগনেসিয়াম আয়নের সাথে বিক্রিয়া করে ক্যালসিয়াম কার্বনেট এবং ম্যাগনেসিয়াম কার্বনেটের অধঃক্ষেপ উৎপন্ন করে। ফলে পানি থেকে ক্যালসিয়াম আয়ন এবং ম্যাগনেশিয়াম আয়ন পানি থেকে অপসারিত হয় অর্থাৎ স্থায়ী খরতা দূর হয়।
-
- CaCl + Na2CO3----- CaCO3 + 2NaCl
-

- **পানি বিশুদ্ধকরণ**
- **ক্লোরিনেশন**
- পানিকে জীবাণুমুক্ত করার সবচেয়ে সহজ উপায় হলাে ক্লোরিনেশন। পানিতে প্রয়াােজনীয় পরিমাণ ব্লিচিং পাউডার যাােগ করলে উৎপন্ন ক্লোরিন জারিত করার মাধ্যমে জীবাণুকে ধ্বংস করে।
- **ফুটানাে**
- পানিকে কমপক্ষে 15 থেকে 20 মিনিট ধরে ফুটালে পানি জীবাণুমুক্ত হয়। তবে আর্সেনিকযুক্ত পানি ফুটালে তা আরও ক্ষতিকর হয়।
- **থিতানো**
- এক বালতি পানিতে 1 চামচ ফিটকিরি যাােগ করে আধা ঘন্টা রেখে দিলে পানির সব অপদ্রব্য থিতিয়ে বালতির তলায় জমা হয়। তারপর উপর থেকে পানি ঢেলে পৃথক করা হয়।
- **ছাঁকন**
- ফিল্টার দিয়ে ছেকে নিলে বিশুদ্ধ পানি পাওয়া যায়।
- পরীক্ষণ

# তড়িত রসায়ন

মো: নাজমুল হক
জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

- রসায়ন বিদ্যায় যখন কোন তড়িৎ-বিশ্লেষ্য পদার্থের দ্রাবনে দ্রবীভূত পদার্থের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ চালনা করা হয় তখন ঐ তড়িৎ-বিশ্লেষ্য পদার্থের রাসায়নিক বিয়োজন ঘটে নতুন রাসায়নিক ধর্মবিশিষ্ট পদার্থ উৎপন্ন হয়, এই পদ্ধতিকে **তড়িৎ বিশ্লেষণ** বা **'Electrolysis'** বলে।
- তড়িৎ বিশ্লেষণ পদ্ধতিতে কোন আয়নিক পদার্থের (তড়িৎ-বিশ্লেষ্য) দ্রবণ বা তার গলিত অবস্থার মধ্য দিয়ে সমক্ষ তড়িৎ প্রবাহ (Direct Current) পাঠালে তড়িৎদ্বারে রাসায়নিক বিক্রিয়া হয় এবং ঐ পদার্থের বিয়োজন হয়ে নতুন ধর্মের পদার্থ উৎপন্ন হয়। তড়িৎ-বিশ্লেষণের জন্যে প্রয়োজনীয় হলঃ
- (১) তড়িৎ-বিশ্লেষ্য পদার্থ, (২) সমক্ষ তড়িৎ প্রবাহের উৎস এবং (৩) দুইটি তড়িৎদ্বার

- **তড়িৎ রাসায়নিক কোষ (Electro-chemical Cell)**
- **যে কোষ তড়িৎ শক্তিকে রাসায়নিক শক্তিতে রুপান্তর করে, তাকে তড়িৎ রাসায়নিক কোষ (Electro-chemical Cell) বলে।** কোষের মধ্যে ধাতব দণ্ড বা গ্রাফাইট দন্ডের তড়িৎদ্বারে ইলেকট্রোড ব্যবহার করা হয়।
- রাসায়নিক কোষকে দুই ভাগে ভাগ করা হয়ঃ
- **১. তড়িৎ বিশ্লেষ্য কোষ (Electrolytic Cell):**
- যে কোষে বাইরের কোন উৎস থেকে তড়িৎ প্রবাহিত করে কোষের মধ্যে রাসায়নিক বিক্রিয়া ঘটানো হয় সেই কোষকে তড়িৎ বিশ্লেষ্য কোষ বলে।
- **২. গ্যালভানিক কোষ (Galvanic Cell):**
- যে কোষে রাসায়নিক পদার্থসমূহ কে বিক্রিয়া করিয়ে বিদ্যুৎ শক্তি উৎপাদন করা হয় সেই কোষকে গ্যালভানিক কোষ বলে।

- **তড়িৎ বিশ্লেষ্য (Electrolyte):**
- যেসব পদার্থ কঠিন অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে না কিন্তু গলিত বা দ্রবীভূত অবস্থায় এবং তার সাথে রাসায়নিক পরিবর্তন ঘটায় তাদেরকে তড়িৎ বিশ্লেষ্য পদার্থ ( Electrolyte) বলে। তড়িৎ বিশ্লেষ্য পদার্থ গলিত অবস্থায় আয়নিত থাকে। এই আয়নের মাধ্যমে বিদ্যুৎ পরিবহন করে আয়নিক যৌগ পোলার সমযোজী যৌগ গলিত অবস্থায় তড়িৎ বিশ্লেষ্য পরিবাহী হয়। যেমন সোডিয়াম ক্লোরাইড ( NaCl)(NaCl), কপার সালফেট ( CuSO4)(CuSO4), পানি ( �2� ) ( *H2O*), CH3COOHCH3COOH ইত্যাদি।
- **তড়িৎ বিশ্লেষ্য দুই প্রকার–**
- **১. তীব্র তড়িৎ বিশ্লেষ্য (Strong Electrolyte):**
- যেসকল তড়িৎ বিশ্লেষ্য দ্রবণের গলিত অবস্থায় সম্পূর্ণ আয়নিত থাকে তাদেরকে তীব্র তড়িৎ বিশ্লেষ্য ( Strong Electrolyte)বলে। যেমন– সোডিয়াম ক্লোরাইড NaClNaCl, কপার সালফেটCuSO4, H2SO4CuSO4, H2SO4 ইত্যাদি।
- **২. মৃদু তড়িৎ বিশ্লেষ্য (Weak Electrolyte):**
- যেসকল তড়িৎ বিশ্লেষ্য দ্রবণের খুব অল্প পরিমাণে আয়নিত অবস্থায় থাকে তাদেরকে মৃদু তড়িৎ বিশ্লেষ্য বলা হয় ( Weak Electrolyte) l যেমন– H2O, CH3COOHH2O, CH3COOH ইত্যাদি।

- **তড়িৎদ্বার (Electrode):**
- তড়িৎ রাসায়নিক কোষে বিগলিত তড়িৎ বিশ্লেষ্যের মধ্যে যে ইলেকট্রনীয় পরিবাহীর ধাতব দন্ড বা গ্রাফাইট প্রবেশ করানো হয় তাদেরকে তড়িৎদ্বার বলে। এই তড়িৎদ্বারে কোন পরমাণু আয়ন ইলেকট্রন ত্যাগ করার ফলে জারণ বিজারণ ঘটে। যে তড়িৎদ্বারে জারণ বিক্রিয়া ঘটে তাকে অ্যানোড তড়িৎদ্বার বলে। এবং যে তড়িৎদ্বারে বিজারণ বিক্রিয়া ঘটে তাকে ক্যাথোড তড়িৎদ্বার বলে।
- **তড়িৎ বিশ্লেষণ (Electrolysis)**
- **গলিত বা দ্রবীভূত অবস্থায় তড়িৎ বিশ্লেষণের মধ্য দিয়ে বিদ্যুৎ পরিবহনের সময় উক্ত তড়িৎ বিশ্লেষ্য যে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয় তাকে তড়িৎ বিশ্লেষণ (Electrolysis)বলা হয়।**

**গলিত সোডিয়াম ক্লোরাইডের তড়িৎ বিশ্লেষণের কৌশল (Techniques for Electrolysis of molten Sodium Chloride)**

একটি কাচ বা চিনা মাটির পাত্রে গলিত সোডিয়াম ক্লোরাইড নেওয়া হয়। গলিত সোডিয়াম ক্লোরাইড এর মধ্যে সোডিয়াম আয়ন ( Na)+(Na)+ ও ক্লোরাইড আয়ন ( Cl)−(Cl)− থাকে। গলিত সোডিয়াম ক্লোরাইডের মধ্যে দুটি ধাতব দন্ড বা গ্রাফাইট দন্ড প্রবেশ করানো হয়। এ দন্ড দুটির ১ টিকে ব্যাটারির ধনাত্মক প্রান্তে এবং অপরটিকে ব্যাটারির ঋণাত্মক প্রান্তের সাথে যুক্ত করলে ব্যাটারির ধনাত্মক প্রান্তের সাথে যুক্ত ধনাত্মক তড়িৎদ্বার বা অ্যানোড ঋণাত্মক আধানযুক্ত ( Cl)−(Cl)− আয়ন কে আকর্ষণ করবে অন্যদিকে ব্যাটারির ঋণাত্মক প্রান্তের সাথে যুক্ত ঋণাত্মক তড়িৎদ্বার বা ক্যাথোড ধনাত্মক আধানযুক্ত ( Na)+(Na)+ আয়নকে আকর্ষণ করবে। ক্লোরিন আয়ন ( Cl)−(Cl)− অ্যানোডে ইলেকট্রন ত্যাগ করে ক্লোরিন গ্যাস এ পরিণত হয়।

**অ্যানোডে জারণ বিক্রিয়া:**

Cl−→12Cl2+e−Cl−→21Cl2+e−

অন্যদিকে সোডিয়াম Na+Na+ ক্যাথোড থেকে ইলেকট্রন গ্রহণ করে ধাতব ও সোডিয়ামে পরিণত হয়।

**ক্যাথোডে বিজারণ বিক্রিয়া:**

Na++ e−→NaNa++ e−→Na

একটি কাচ বা চিনা মাটির পাত্র নেই। গাঢ় NaCl, Na+, Cl−, OH−,H+NaCl, Na+, Cl−, OH−,H+ আয়ন বিদ্যমান।


এবার দুটি গ্রাফাইট দন্ড নেই। একটি ক্যাথোড ( − ) আরেকটি অ্যানোড ( + ) এবার দুটিকে তারের মাধ্যমে ব্যাটারির সাথে যুক্ত করি এখন ব্যাটারি থেকে বিদ্যুৎ প্রবাহ হলে ক্লোরিন ও OH−OH− অ্যানোড এর দিকে যাবে কিন্তু ক্লোরিন এর ঘনমাত্রা হাইড্রোক্সাইড থেকে বেশি হওয়ায় এটি আগে ইলেকট্রন গ্রহণ করে ক্লোরিন গ্যাস উৎপন্ন করবে।

আবার H+H+ ও OH−OH− ও সোডিয়াম আয়ন দুটি ক্যাথোড এর দিকে যাবে কিন্তু হাইড্রোক্সাইড সক্রিয়তা সিরিজের নিচের দিকে থাকায় আগে ইলেকট্রন গ্রহণ করে হাইড্রোজেন H2H2 গ্যাস উৎপন্ন করবে।

- **অ্যানোড এ বিক্রিয়াঃ**
- 2Cl−− 2e−=Cl22Cl−− 2e−=Cl2 জারণ বিক্রিয়া
- **ক্যাথোড এ বিক্রিয়াঃ**
- 2H++2e−=H22H++2e−=H2 বিজারণ বিক্রিয়া
- পাত্রে Na+Na+ ও OH−OH− থেকে যায় ফলে Na+Na+ ও OH−OH− একত্রে করে NaOHNaOH ক্ষার উৎপন্ন করে।

10 MINUTE SCHOOL

Chlor-Alkali Manufacturing from Electrolysis




চিত্র: সোডিয়াম ক্লোরাইড দ্রবণের তড়িৎ বিশ্লেষণ

- **তড়িৎ বিশ্লেষণের সূত্র**
- মাইকেল ফ্যারাডে ১৮৩২ সালে তড়িৎ বিশ্লেষণ সম্পর্কে দুটি সূত্র আবিষ্কার করেন যা ফ্যারাডের তড়িৎ বিশ্লেষণ সূত্র নামে পরিচিত।
- **ফ্যারাডের প্রথম সূত্র**
- ''তড়িৎ বিশ্লেষণের ফলে কোনো তড়িৎদ্বারে সংঘটিত রাসায়নিক বিক্রিয়ার পরিমাণ (উৎপন্ন বা দ্রবীভূত পদার্থের ভর) তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে প্রবাহিত মোট বিদ্যুৎ এর সমানুপাতিক।''
- অর্থাৎ, তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে Q কুলম্ব পরিমাণ বিদ্যুৎ প্রবাহিত হওয়ার ফলে, তড়িৎদ্বারে W গ্রাম ভরের একটি বস্তু সঞ্চিত বা দ্রবীভূত হয়, তবে ফ্যারাডের প্রথম সূত্রানুযায়ী–
- $W \propto Q$
- বা, $W = ZQ$ .............. (1)
- এখানে, $Z$ = সমানুপাতিক ধ্রুবক যা পদার্থের ধর্মের উপর নির্ভর করে। একে পদার্থের তড়িৎ রাসায়নিক তুল্যাংক বলা হয়। $Z$ হল ১ কুলম্ব চার্জকে বাইপাস করে তড়িৎ বিশ্লেষণের সময় ইলেক্ট্রোডে জমা হওয়া পদার্থের ভর।

- 

**ফ্যারাডের দ্বিতীয় সূত্র**

- " গলিত বা দ্রবীভূত বিভিন্ন তড়িৎ বিশ্লেষ্যের মধ্য দিয়ে একটি নির্দিষ্ট পরিমাণ বৈদ্যুতিক চার্জ প্রবাহিত করার সময় যে কোন ইলেক্ট্রোডে জমা হওয়া পদার্থের ভর তার রাসায়নিক সমতুল্য ওজনের সমানুপাতিক।" তবে ফ্যারাডের দ্বিতীয় সূত্রানুযায়ী–
- 
- $w \propto E$
- 
- যেখানে,
- w = পদার্থের ভর
- E = পদার্থের সমতুল্য ওজন
- 
- এটিকে এভাবেও প্রকাশ করা যেতে পারে– $w_1/w_2=E_1/E_2$
- 

# জৈব রসায়নের প্রাথমিক ধারণা

মো: নাজমুল হক
জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

- **জৈব যৌগ | Organic Compounds**
- হাইড্রোজেন ও কার্বন দ্বারা গঠিত হাইড্রোকার্বন এবং হাইড্রোকার্বন থেকে উদ্ভূত যৌগসমূহকে জৈব যৌগ বলে।
- **সুইডিশ বিজ্ঞানী বার্জেলিয়াস** ১৮১৫ সালে প্রস্তাব করেন যে, জৈব যৌগসমূহ কেবল সজীব উদ্ভিদ ও প্রাণীদেহে এক রহস্যময় প্রাণশক্তির প্রভাবে উৎপন্ন হয়ে থাকে। একে **প্রাণশক্তি মতবাদ** বলে।
- ১৮২৮ সালে **ফ্রেডরিক উলার** পরীক্ষাগারে অজৈব অ্যামোনিয়াম ক্লোরাইড ও লেড সায়ানেট থেকে আকস্মিকভাবে ইউরিয়া প্রস্তুত করে প্রাণশক্তি মতবাদ ভুল প্রমাণ করেন।
- জৈব যৌগের সংখ্যা ৮০ লক্ষের অধিক। অন্যদিকে অজৈব যৌগের সংখ্যা প্রায় ১ লক্ষের মত। এই সংখ্যাধিক্যের কারণ হলো–
  - কার্বন মৌলের ক্যাটেনেশন ধর্ম
  - জৈব যৌগের সমাণুতা ধর্ম
  - জৈব যৌগের পলিমারকরণ
  - কার্বনের তড়িৎ ঋণাত্মকতা ও বন্ধন শক্তি।

- **জৈব যৌগের বৈশিষ্ট্য**
- জৈব যৌগে কার্বন অবশ্যই থাকে। কার্বনের সাথে হাইড্রোজেন, অক্সিজেন, নাইট্রোজেন, সালফার প্রভৃতি মৌল যুক্ত থাকে।
- প্রধানত সমযোজী বন্ধন দ্বারা গঠিত হয়।
- নিম্ন গলনাঙ্ক ও নিম্ন স্ফুটনাংক বিশিষ্ট হয়।
- জৈব যৌগ পোলার দ্রাবক যেমন পানিতে অদ্রবণীয়, কিন্তু জৈব দ্রাবক যেমন, ইথার ও বেনজিনে দ্রবণীয়। তবে হাইড্রক্সিল মূলক যুক্ত যৌগ ( চিনি, অ্যালকোহল) পানিতে দ্রবণীয়।
- জৈব যৌগের দহনের পর কোনো অবশেষ থাকে না।
- জৈব যৌগ গলিত অবস্থায় বা দ্রবণে আয়নিত হয় না বলে তড়িৎ বিশ্লেষ্য নয়। অর্থাৎ বিশুদ্ধ জৈব যৌগ তড়িৎ অপরিবাহী।
- জৈব বিক্রিয়ার কৌশল জটিল ও মন্থর গতির হয়।

- **কার্যকরী মূলক**
- জৈব যৌগের অণুর মধ্যে উপস্থিত থেকে যে সকল **মূলক** ঐ যৌগগুলোর রাসায়নিক ধর্ম নির্ধারণ করে তাদের **কার্যকরী মূলক** বলে। **কার্যকরী** মূলকের নাম থেকেই জৈব যৌগের অণুগুলির নামকরণ করা হয়ে থাকে।
- **অ্যালকেনের ব্যবহার**
- ইঞ্জিনের জ্বালানী হিসাবে
- বিদ্যুৎ উৎপাদনে
- পিচ্ছিলকারক তেল হিসাবে
- রাসায়নিক শিল্পে অন্যান্য রাসায়নিক দ্রব্য প্রস্তুতিতে
- মোম তৈরিতে ও রাস্তা পাকা করার কাজেও ব্যবহার হয়।
- **অপরিশোধিত তেল: অপরিশোধিত তেল** বা **খনিজ তেল** (তরল সোনা) মূলত হাইড্রোকার্বন ও অন্যান্য কিছু জৈব যৌগের মিশ্রণ।
- C1 – C4 = প্রাকৃতিক গ্যাস, এল পি গ্যাস
- C5-C6 = লাইট পেট্রোলিয়াম
- C5-C10 = গ্যাসোলিন (পেট্রোল)
- C11-C16 = কেরোসিন
- C17-C20 = ডিজেল

- **অ্যালকোহল**
- অ্যালিফেটিক হাইড্রোকার্বনের অণুস্থিত সম্পৃক্ত C-পরমাণুর সাথে যুক্ত H-পরমাণু হাইড্রক্সিল মূলক দ্বারা প্রতিস্থাপিত হয়ে যেসব হাইড্রক্সি যৌগ উৎপন্ন হয় তাদের **অ্যালকোহল** বলে।
- সাধারণভাবে অ্যালকোহলকে ���2�+1��$CnH2n+1OH$ এই সাধারণ সূত্রের মাধ্যমে প্রকাশ করা হয়ে থাকে।
- **রেকটিফাইড স্পিরিট**– ৯৫.৬% ইথাইল অ্যালকোহলের সাথে ৪.৪% পানির মিশ্রণকে রেকটিফাইড স্পিরিট বলা হয়।
- **মিথিলেটেড স্পিরিট**– ইথাইল অ্যালকোহলের সাথে ৫–১০% মিথাইল অ্যালকোহল, ৩% বেনজিন এবং সামান্য পরিমান রঙ্গিন পিরিডিন মিশিয়ে পানের অযোগ্য মিশ্রণ। এটি মূলত রঙ বা বার্নিশের প্রস্তুতিতে দ্রাবক হিসেবে এবং পরীক্ষাগারে স্পিরিট ল্যাম্পের জ্বালানি হিসেবে ব্যবহার করা হয়।
- **Isopropyl alcohol** (IUPAC name propan-2-ol; commonly called isopropanol or 2-propanol) (chemical formula $CH_3CHOHCH_3$) এর ৭০% মিশ্রণ দিয়ে **হ্যান্ড স্যানিটাইজার** তৈরি করা যায়।
- যদি –CHO মূলক দ্বারা প্রতিস্থাপিত হয়। যেমন ফরমালডিহাইডের ( H-CHO)।
- (ফলমালডিহাইডের ৪০% জলীয় দ্রবণকে **ফরমালিন** বলে ) ,ইথ্যানাল ( $CH_3$ -CHO)।
- **কাঁদুনে গ্যাস** – ক্লোরোপিক্রিন ��3−�−��$2Cl3-C-NO2$।

# অ্যালিফ্যাটিক হাইড্রোকার্বন

মো: নাজমুল হক
জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

- জৈব রসায়নে হাইড্রোকার্বন (সম্পূর্ণরূপে কার্বন এবং হাইড্রোজেন সমন্বিত যৌগ) দুটি শ্রেণিতে বিভক্ত: অ্যারোম্যাটিক হাইড্রোকার্বন (সুগন্ধি যৌগ) এবং আলিফ্যাটিক হাইড্রোকার্বন (/ˌælɪˈfætɪk/ *অ্যালিফার* অর্থ: চর্বি/তেল)। আলিফ্যাটিক হাইড্রোকার্বন গুলো অ-অ্যারোম্যাটিক বা সুগন্ধহীন হাইড্রোকার্বন হিসাবেও পরিচিত। আলিফ্যাটিক হাইড্রোকার্বনগুলো বদ্ধ-শিকল (চক্রীয়) হতে পারে। তবে পাই-বন্ধনের মাধ্যমে (কার্বন-কার্বন দ্বি-বন্ধন) মাধ্যমে যুক্ত যেসব হাইড্রোকার্বন হাকেলের নীতি মেনে চলে সেগুলোকে অ্যারোম্যাটিক হাইড্রোকার্বন বলা হয়। [১] অ্যালিফ্যাটিক যৌগগুলি হেক্সেনের মতো সম্পৃক্ত কিংবা হেক্সিন বা হেক্সাইনের মতো অসম্পৃক্তও হতে পারে। মুক্ত-শিকল যৌগগুলিতে (সরাসরি বা শাখাযুক্ত) কোনও ধরনের রিং থাকে না। ইথিলিন অক্রাইড অ্যালিফেটিক।

- **জৈব যৌগের প্রাচুর্যতার কারণ (Abundance of organic compounds)**

- i) C পরমাণুর ক্যাটিনেশন ধর্ম।
- ii) জৈব যৌগের সমাণুতা।
- iii) জৈব যৌগের পলিমারকরণ।
- ল্যাটিন ‘catena’ [ka-ti-na] অর্থ চেইন বা শিকল থেকে ক্যাটিনেশন শব্দটি নেওয়া হয়েছে। কোনো মৌলের পরমাণুসমূহ নিজেদের মধ্যে সমযোজী বন্ধনে যুক্ত হয়ে দীর্ঘ শিকল বা চেইন গঠনের ধর্মকে ক্যাটিনেশন বলে। কার্বন, সিলিকন, সালফার, ফসফরাস ইত্যাদি মৌলসমূহ ক্যাটিনেশন ধর্ম দেখায়। এসব মৌলের মধ্যে কার্বনের ক্যাটিনেশন অত্যন্ত প্রবল।

- **C- পরমাণুর ক্যাটিনেশন দেখানোর কারণ (Reasons for showing C-atom catenation)**

- i) C- এর সুষম চতুর্যোজ্যতা আছে।
- ii) C- পরমাণুর আকার ছোট ।
- iii) C- পরমাণু sp3, sp2 এবং sp সংকরণের মাধ্যমে C-C, C=C এবং C≡C গঠন করতে পারে।
- iv) C- পরমাণুসমূহ নিজেদের সাথে বন্ধন গঠন করার পরও অন্যান্য মৌলের সাথে বন্ধনে যুক্ত হতে পারে।
- v) C-C বন্ধন এনথালপির মান ( 348Kjmol-1 ) একই পর্যায়ের অন্যান্য যেকোনো মৌলের বন্ধন এনথালপি অপেক্ষা বেশি। যেমন N – N, O-O, বন্ধন এনথালপির মান যথাক্রমে 163 এবং 146 jmol-1 একই পর্যায়ে ডানে গেলে বন্ধন এনথালপি কমে যায় কারণ lpe – এর সংখ্যা বাড়ে।
- vi) C- পরমাণুর তড়িৎ ঋণাত্মকতার মান মধ্যম প্রকৃতির, যা একই পর্যায়ের ১ম মৌল Li এবং শেষ মৌল F এর তড়িৎ ঋণাত্মকতার গড় মানের সমান।
- vii) C- পরমাণু বিভিন্ন ধাতুর সাথে জৈব ধাতব যৌগ গঠন করতে পারে।

- **সমগোত্রীয় শ্রেণী বা হোমোলোগাস শ্রেণী :**

একই মৌলের সমন্বয়ে গঠিত জৈব যৌগসমূহকে আণবিক ভর বৃদ্ধির ক্রমানুসারে সাজালে পরপর দুটি যৌগের মধ্যে মিথিলিন ( $-CH_2-$)

- মূলকের পার্থক্য ঘটে এবং যাদের ভৌত ধর্মে নিয়মিত ক্রম এবং রাসায়নিক ধর্মে সাদৃশ্য দেখা যায় তাদেরকে সমগোত্রীয় শ্রেণী বলে এবং এ শ্রেণীর অন্তর্ভূক্ত প্রত্যেক সদস্যকে সমগোত্রক বলে।
- ১। এদের একটি নির্দিষ্ট কার্যকরী মূলক আছে।
- ২। এদের একটি সাধারণ সংকেত আছে।
- ৩। পরপর দুটি যৌগের মধ্যে $-CH_2-$ মূলকের বা 14 আণবিক ভরের পার্থক্য ঘটবে।
- ৪। এদের প্রত্যেকের একটি সাধারণ প্রস্তুতপ্রণালী আছে।
- ৫। এদের রাসায়নিক ধর্ম প্রায় একই। তবে আণবিক ভর বাড়লে সক্রিয়তা কিছুটা–হ্রাস পায়।
- ৬। এদের ভৌতধর্মে পার্থক্য পরিলক্ষিত হয়। আণবিক ভর বাড়লে গলনাঙ্ক ফুটনাঙ্ক বাড়লেও দ্রাব্যতা হ্রাস পায়।

- **কার্যকরী মূলক বলতে কী বুঝো? বিভিন্ন সমগোত্রীয় শ্রেণীর কার্যকরী মূলকের নাম ও সংকেত লিখ। (Functional groups with the name of it’s various type)**
- **উত্তরঃ** কোনো জৈব যৌগে উপস্থিত যে পরমাণু বা পরমাণুগোষ্ঠী অথবা চিহ্ন উক্ত যৌগের সমগোত্রীয় শ্রেণীর পরিচয় বহন করে এবং সকল রাসায়নিক ধর্ম কার্যতভাবে নিয়ন্ত্রণ করে তাদেরকে কার্যকরী মূলক বা ক্রিয়াশীল মূলক বা ক্রিয়াদর্শী মূলক বলে ।

- **নামকরণ**
- **(Naming of organic compound)**
- **জৈব যৌগের নামকরণ পদ্ধতি (Naming system of organic compounds)**
- ১। সাধারণ পদ্ধতি
- ২। উদ্ভুত পদ্ধতি/Derived System
- ৩। IUPAC system
- **সাধারণ পদ্ধতি নামকরণ (Common naming method)**
- $C_6H_{14}$
- $CH_3-CH_2-CH_2-CH_2-CH_3$
- n- হেক্সেন

- **উদ্ভুত পদ্ধতির নামকরণ (Derived System)**
- **ডাই মিথাইল মিথেন**
- **ট্রাই মিথাইল মিথেন**
- **টেট্রা মিথাইল মিথেন**
- Iso বিউটাইল মূলক
- আইসোপ্রোপাইল মূলক
- সেকেন্ডারি বিউটাইল মূলক
- **IUPAC system/আন্তর্জাতিক/জেনেভা পদ্ধতিঃ**
- **অ্যালকেন (Alkane)**
- 2, 4, 5 – ট্রাইমিথাইলহেক্সেন ( + = 11 )
- 2, 3, 5 – ট্রাইমিথাইলহেক্সেন ( + = 10 ) ( সঠিক )
- $(CH_3)_3\,CC\,(CH_3)_3$
- 2, 2, 3, 3 – টেট্রামিথাইলবিউটেন

- **Rule**
- ১। দীর্ঘতম কার্বন শিকল বিবেচনা করতে হবে।
- ২। পার্শ্ব শিকলের অবদান ক্ষুদ্রতম ধরে গণনা করতে হবে।
- ৩। একাধিক পার্শ্বশিকলের অবস্থানসমূহের যোগফল ক্ষুদ্রতম হবে।
- ৪। ভিন্ন পার্শ্বশিকল থাকলে লিখার ক্ষেত্রে ইংরেজী বর্ণমালার ক্রমানুযায়ী লিখতে হবে।
- ৫ । উভয় দিক থেকে পার্শ্বশিকলের অবস্থান একই হলে যে মূলকের আণবিক ভর বেশি সেটিকে প্রধান্য দিয়ে Numbering করতে হবে।

- **ত্রিবন্ধন এবং দ্বিবন্ধন কোন যৌগে একসাথে থাকলে তাদেরকে অ্যালকিনাইন রুপে নামকরণ করা হয়। যদি দ্বিবন্ধন এবং ত্রিবন্ধন ভিন্ন অবস্থানে থাকে তাহলে, দ্বিবন্ধন এবং ত্রিবন্ধন এর ক্ষুদ্রতম অবস্থান বিবেচনা করা হয়। কিন্তু, উভয়দিকে থেকে দ্বিবন্ধন এবং ত্রিবন্ধন একই নাম্বারে হলে, সেক্ষেত্রে দ্বিবন্ধনকে প্রাধান্য দিয়ে Numbering করতে হয়।**
- 4 – হেক্সিনাইন – 1 বা, 4 – হেক্সিন – 1 – আইন
- বা, হেক্স – 4 – ইন – 1 – আইন
- 1 – হেক্সিনাইন – 5 বা, হেক্স – 1 – ইন – 5 – আইন
- HC C – CH = CH – CH3
- $CH_2$ = C ($CH_3$) – C C – $CH_3$
- CH C – $CH_2$ – CH = CH
- $CH_3$ – CC – CH($CH_3$) – CH=$CH_2$ – $CH_3$

# অ্যালকোহল

মো: নাজমুল হক

জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)

ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

- অ্যালিফেটিক বা অ্যারোমেটিক হাইড্রোকার্বন অণুর এক বা একাধিক হাইড্রোজেন পরমাণু হাইড্রোক্সিল গ্রুপ ( OH) দ্বারা প্রতিস্থাপিত হয়ে যে যৌগ গঠন করে তা হলো অ্যালকোহল। যেমন CH3~CH3 হলো ইথেন। এ যৌগের একটি হাইড্রোজেন পরমাণু হাইড্রোক্সিল গ্রুপ দ্বারা প্রতিস্থাপিত হয়ে CH3~CH2~OH (ইথানল) পা
- **অ্যালকোহল (Alcohol)**
- যে জৈব যৌগে হাইড্রক্সিল মূলক ( –OH) বিদ্যমান থাকে সে সকল যৌগকে অ্যালকোহল বলে। অ্যালকোহলের সাধারণ সংকেত ���2�+1��*CnH2n+1OH*। এর প্রথম সদস্য মিথানল (��3��) (*CH3OH*)। অ্যালকোহলকে R-OH দিয়ে প্রকাশ করা যায়, যেখানে R হলো অ্যালকাইল মূলক। এ শ্রেণীর ১ম দিকের সদস্যগুলো বর্ণহীন তরল পদার্থ এবং পানিতে সকল অনুপাতে মিশ্রিত হয়।

- **অ্যালকোহলের নামকরণ**
- অ্যালকেনের নামের শেষের ( e) বাদ দিয়ে অল ( Ol) যোগ করে অ্যালকোহলের নামকরণ করা হয়। যেমন–
- ইথান ( $CH3CH2OH$)
- **অ্যালকোহল প্রস্তুতি**
- **ইথাইল ব্রোমাইড থেকে**
- ব্রোমো ইথেনের মধ্যে সোডিয়াম হাইড্রোক্সাইডের জলীয় দ্রবণ যোগ করলে ইথানল এবং সোডিয়াম ব্রোমাইড উৎপন্ন হয়।

$CH3-CH2Br+NaOH \rightarrow \Delta CH3-CH2OH+NaBr$

- **অ্যালকোহলের ব্যবহার (Use of Alcohol)**
- (১) মিথানল বিষাক্ত রাসায়নিক পদার্থ। মিথানল মূলত অন্য রাসায়নিক পদার্থ প্রস্তুত করতে ব্যবহৃত হয়।
- (২) রাসায়নিক শিল্পে ইথানয়িক এসিড বিভিন্ন জৈব এসিডের এস্টার প্রস্তুত করা হয়।
- (৩) ইথানলকে প্রধানত পারফিউম, কসমেটিকস ও ঔষধ শিল্পে দ্রাবক হিসেবে ব্যবহার করা হয়।
- (৪) ইথানলের 96% জলীয় দ্রবণকে রেকটিফাইড স্পিরিট বলে।
- (৫) ঔষধ ও খাদ্য শিল্প ব্যতিত অন্য শিল্পে রেকটিফাইড স্পিরিট সামান্য মিথানল যোগে বিষাক্ত করে ব্যবহার করা হয়।
- (৬) জীবাশ্ম জ্বালানির পরিবর্তে ইথানলকে মোটর ইঞ্জিনের জ্বালানিরূপে ব্যবহার করা হচ্ছে।

- সাধারণ প্রস্তুতি
- এলকাইল বা এরাইল হ্যালাইডকে লঘু জলীয় সোডিয়াম হাইড্রোক্সাইড বা পটাশিয়াম হাইড্রোক্সাইড দ্রবণ অথবা আর্দ্র সিলভার অক্সাইডসহ ফুটালে আর্দ্র বিশ্লেষণের মাধ্যমে এলকোহল প্রস্তুত হয়।
- গাঢ় সালফিউরিক এসিডের মধ্যে এলকিন প্রবাহিত করলে এলকাইল হাইড্রোজেন সালফেট উৎপন্ন হয় যা পানি দ্বারা রিফ্লাক্স করলে আর্দ্র বিশ্লেষণের মাধ্যমে এলকোহল উৎপন্ন হয়।
- Ni,Pt ও Pd প্রভাবকের উপস্থিতিতে উচ্চ চাপে হাইড্রোজেন গ্যাস দ্বারা কার্বনিল যৌগ বিজারিত হয়ে এলকোহল উৎপন্ন করে।
- জৈব এস্টারের সাথে খনিজ এসিডের বিক্রিয়ায় অ্যালকোহল উৎপন্ন হয়।
- অ্যালডিহাইড, কার্বক্সিলিক এস্টার, কার্বক্সিলিক এসিডের সাথে যথাযথ বিক্রিয়কের বিক্রিয়ার ফলে অ্যালকোহল প্রস্তুত করা সম্ভব।
- অণুজীবের মাধ্যমে শস্বনের ফলে স্টার্চ ও সুগার থেকে অ্যালকোহল পাওয়া সম্ভব।

- নামকরণ:
- IUPAC এর নিময় অনুসারে আলকেন–এর নামের শেষের "e" এর পরিবর্তে "ol" বসিয়ে সাধারণ ভাবে অ্যালকোহলের নামকরণ করা হয়। যেমন মিথেন ও ইথেন (Methane, Ethane) এর শেষের "e" এর পরিবর্তে "ol" বসিয়ে যথাক্রমে মিথানল ও ইথানল (Methanol, Ethanol) নামকরণ করা হয়।
- হাইড্রক্সিল কার্যকরী গ্রুপের অবস্থান বুঝাতে "e" এর পরিবর্তে "ol" বসানোর আগে সংখ্যা ব্যবহার করা হয়। যেমন $CH_3CH_2CH_2OH$ কে বলা হয় প্রোপান–১–অল, (propan-1-ol) $CH_3CHOHCH_3$ কে বলা হয় প্রোপান–২–অল (propan-2-ol)।
- অন্যভাবে অ্যালকাইল গ্রুপ বা অন্য কোন কার্বন শৃঙ্খলের নামের শেষে অ্যালকোহল বসিয়েও নামকরণ করা হয়। যেমন মিথেন ও ইথেন থেকে আসে যথাক্রমে মিথাইল ও ইথাইল গ্রুপ এবং এদের সংশিষ্ট অ্যালকোহলকে বলা হয় মিথাইল অ্যালকোহল, ইথাইল অ্যালকোহল।

# অ্যারোমেটিক যৌগ

মো: নাজমুল হক
জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

**যেসব যৌগের আনবিক সংকেত বা গঠনে (4n +2) সংখ্যক পাই (π) ইলেকট্রন অনবরত সঞ্চরনশীল অসম্পৃক্ত অবস্থায় থাকে, সেসব যৌগ সমূহকে অ্যারোমেটিক যৌগ বলে।**

অ্যারোমেটিক যৌগের বিশেষ ধর্মকে অ্যারোমেটিসিটি বলা হয়।

উদাহারনঃ **ন্যাফথ্যালিন ($C_{10}H_8$)**, **পাইরোল ($C_4H_4NH$)** , **ফিউরান ($C_4H_4O$)**, **থায়োফিন ($C_4H_4S$)** ইত্যাদি জৈব যৌগ সমূহ হচ্ছে অ্যারোমেটিক যৌগের উদাহারন। প্রথম বন্ধনীর ভিতরে যৌগের সংকেত দেওয়া হয়েছে।

- অ্যারোমেটিক যৌগ বদ্ধ শিকল যুক্ত ও সমতলীয় আকারের হয়ে থাকে।
- অ্যারোমেটিক যৌগে (4n +2) সংখ্যক পাই (π) ইলেকট্রন থাকে।
- অ্যারোমেটিক যৌগের আনবিক গঠন সুস্থিত, স্থায়ী ও অসম্পৃক্ত হয়।
- অ্যারোমেটিক যৌগে আনবিক সংকেতে কার্বনের সাধারণত ৬ টি পরমাণু থাকে এবং কার্বনের শতকরা পরিমাণ অন্যান্য মৌল থেকে বেশি হয়ে থাকে।
- বিভিন্ন ধরণের অ্যারোমেটিক হাইড্রোকার্বনে কমপক্ষে একটি বেনজিন বলয় থাকে।
- অ্যারোমেটিক যৌগে ইলেকট্রোফিলিক প্রতিস্থাপন বিক্রিয়া ঘটে।
- হ্যালোজেনেশন, সালফোনেশন ও ফ্রিডেল ক্রাফট অ্যারোমেটিক যৌগের অন্যতম প্রতিস্থাপন বিক্রিয়ার ধরন।
- ফ্রি রেডিকেল মেকানিজম পদ্ধতির মাধ্যমে অ্যারোমেটিক যৌগে সংযোজন বিক্রিয়া ঘটে।

- যেসব যৌগ **হাকেল নীতি** মেনে চলে তারাই অ্যারোমেটিক যৌগ। **হাকেল নীতি অনুসারে যেসব যৌগে (4n +2) সংখ্যক পাই (π) ইলেকট্রন অনুরণন অবস্থায় থাকবে, সেসব যৌগ সমূহকে অ্যারোমেটিক যৌগ বলা যাবে**। অর্থাৎ, হাকেল নীতি প্রয়োগ করে অ্যারোমেটিক যৌগ চেনা যাবে। **যেমন**, ন্যাফথ্যালিন ( $C_{10}H_8$) জৈব যৌগটি একটি অ্যারোমেটিক যৌগ। কারন, ন্যাফথ্যালিনে ( 4n +2) সংখ্যক পাই ( π) ইলেকট্রন আছে। এখানে, n হচ্ছে কোনো একটি জৈব যৌগে বেনজিন বলয়ের সংখ্যা। নিচের ছবিতে ন্যাফথ্যালিনের গাঠনিক সংকেত দেখানো হল। ন্যাফথ্যালিনে ৫ টি দ্বিবন্ধনে মোট ১০ টি পাই ইলেকট্রন ও ২ টি বেনজিন বলয় রয়েছে। তাহলে, **হাকেল নীতি অনুসারে n=2, (4x2 + 2) = 10, অর্থাৎ ১০ টি পাই ইলেকট্রন ন্যাফথ্যালিনে আছে**। অতএব, ন্যাফথ্যালিন একটি অ্যারোমেটিক যৌগ, যা হাকেল নীতি অনুসারে প্রমানিত।

# বৃত্তিমূলক রসায়ন

মো: নাজমুল হক
জুনিয়র ইন্সট্রাক্টর (নন- টেক)
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

- ফুড প্রিজেরভেটিভ বা খাদ্য সংরক্ষক হলো এমন কিছু উপাদান যার ব্যবহারে খাবারকে পচে যাওয়া থেকে রক্ষা করে। স্বাদ, গন্ধ ও গুনাগুন অটুট রাখতে সহায়ক ভূমিকা রাখে।
- **খাদ্য সংযোজনী বা ফুড এডিটিভস্ (Food Additives) কী?**
- খাদ্যের বর্ণ ঠিক রাখার জন্য রং এবং গন্ধ ও স্বাদ বৃদ্ধির জন্য কিছু রাসায়নিক পদার্থ ব্যবহার করা হয়। এদের খাদ্য সংযোজনী বা ফুড এডিটিভস্ বলে। ফুড এডিটিভস্ খাদ্যে অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হয়। প্রিজারভেটিড এক ধরনের ফুড অ্যাডিটিভস্।

- **খাদ্য নিরাপত্তা (Food Security)**
- **❒ কর্মমুখী রসায়ন (Vocational Chemistry) কী?**
- **উত্তর:** মানব জীবন উন্নয়নের লক্ষ্যে সর্বক্ষেত্রে (যেমন–উৎপাদন, সংরক্ষণ) পরিবেশকে ক্ষতির হাত থেকে রক্ষা করে রসায়নের সঠিক ব্যবহারকে কর্মমুখী রসায়ন বলে।
- **❒ খাদ্য নিরাপত্তা (Food Security) কী?**
- **উত্তর:** একটি সুস্থ এবং কার্যকর জীবন যাপনের জন্য পর্যাপ্ত, নিরাপদ এবং পুষ্টিকর খাদ্যের প্রতি সবসময় সব মানুষের অভিগম্যতাকে খাদ্য নিরাপত্তা বলে। এটি তিনটি নিয়ামক দ্বারা নির্ণয় করা হয়।
- ( i) খাদ্যের প্রাপ্যতা ( ii) খাদ্যের সঠিক ব্যবহার
- ( iii) খাদ্য সহজলভ্যতা

- **খাদ্য পচনের জন্য সহায়ক উপাদান কী কী?**
- **উত্তর:** সহায়ক উপাদানগুলো হলো–
- ১। খাদ্যের উপাদান
- ২। আর্দ্রতা
- ৩। তাপ
- ৪। �2*O*2
- বিভিন্ন ধরনের অণুজীব বেঁচে থাকার জন্য দরকার অনুকূল পরিবেশ যা উপরোক্ত উপাদান হতে পাওয়া যায়। খাদ্য দ্রব্য নষ্ট হওয়ার প্রধান কারণ ৩টি। যথা–
- **১। অণুজীবের আক্রমণ (Invasion of microorganisms):** ব্যাকটেরিয়া, ছত্রাক ও মোল্ড–এর আক্রমণে খাদ্যবস্তুর পচন ঘটে। আর্দ্র বায়ু ও স্যাঁতস্যাঁতে পরিবেশ অণুজীবের বংশ বিস্তারে সহায়ক। এমন পরিবেশে খাদ্যদ্রব্য দ্রুত পচে যায়।
- **২। এনজাইমের ক্রিয়া (Action of enzymes):** মাছ, মাংস, শাকসবজি ও ফলমূলসহ সব ধরনের খাদ্যবস্তু থেকে অনবরত বিভিন্ন ধরনের এনজাইম নিঃসৃত হয়। এসব এনজাইমের ক্রিয়ায় খাদ্যদ্রব্য দ্রুত নষ্ট হয়ে যায়।
- **৩। রাসায়নিক বিক্রিয়া (Chemical reaction):** চর্বিজাতীয় খাদ্যবস্তুর অক্সিজেনের উপস্থিতিতে জারণ ঘটে এবং নষ্ট হয়ে কালো দাগ সৃষ্টি করে। ফলমূল, শাকসবজিসহ বিভিন্ন খাদ্যবস্তুতে বিদ্যমান ধাতব আয়ন ( ��2+,��3+,��3+,��2+*Fe*2+,*Fe*3+,*CO*3+,*Cu*2+)-এর উপস্থিতিতে প্রভাবকীয় জারণ ঘটে এবং পচে নষ্ট হয়ে যায়। আবার খাদ্যদ্রব্য আর্দ্রবিশ্লেষিত হয়ে নষ্ট হয়ে যায়।

- **খাদ্য সংযোজনী বা ফুড এডিটিভস্ (Food Additives) কী?**
- খাদ্যের বর্ণ ঠিক রাখার জন্য রং এবং গন্ধ ও স্বাদ বৃদ্ধির জন্য কিছু রাসায়নিক পদার্থ ব্যবহার করা হয়। এদের খাদ্য সংযোজনী বা ফুড এডিটিভস্ বলে। ফুড এডিটিভস খাদ্যে অনুমোদিত মাত্রায় ব্যবহার করতে হয়। প্রিজারভেটিভ এক ধরনের ফুড অ্যাডিটিভস্।
- ❒ **খাদ্য সংরক্ষক বা (Preservative) কী?**
- প্রাকৃতিক উৎস বা কৃত্রিমভাবে তৈরি যে সব রাসায়নিক পদার্থ খাদ্য দ্রব্যের সাথে পরিমাণ মত যুক্ত করা হয় যাতে খাদ্য সামগ্রী অণুজীব দ্বারা ভেঙ্গে যেতে না পারে বা অনাকাঙ্খিত রাসায়নিক উপায়ে পরিবর্তিত হতে না পারে এবং এর ফলে দীর্ঘদিন পরেও খাদ্যের সুগন্ধ, গুণগত মান এবং পুষ্টিমানের তেমন কোনো পরিবর্তন ঘটে না তাদেরকে খাদ্য সংরক্ষক বলা হয়।
- ❒ **প্রিজারভেটিভ কীভাবে কাজ করে (How preservatives work)?**
- **উত্তর:** প্রিজারভেটিভ নিম্নোক্ত উপায়ে খাদ্যদ্রব্যকে নষ্ট করা থেকে বিরত রাখে
- ( i) খাদ্যকে সরাসরি বায়ু ও পানির সংস্পর্শ থেকে দূরে রাখে
- ( ii) কিছু কিছু প্রিজারভেটিভ অম্লীয় পরিবেশ তৈরী করে যাতে ক্ষতিকর ব্যাকটেরিয়া বংশ বৃদ্ধি করতে না পারে।
- ( iii) এনজাইমের কার্যকারিতা নষ্ট করে।
- ( iv) খাদ্যের মধ্যে অবিরাম চলা রাসায়নিক প্রক্রিয়া গতিকে শ্লথ করে দেয়।

- **ক) প্রাকৃতিক খাদ্য সংরক্ষক (Natural food preservatives):** প্রাকৃতিক উৎস থেকে যেসব যৌগ পাওয়া যায়। যেমন–
- **১। খাদ্য লবণ (����*NaCl*):** নির্দিষ্ট ঘনমাত্রায় খাদ্য লবণের দ্রবণ দ্বারা খাদ্য সংরক্ষণকে কিউরিং বা Curing বলা হয়। ����*NaCl* দ্রবণ খাদ্য দ্রব্য থেকে মুক্ত পানিকে শোষণ করে নেয়। ফলে খাদ্য দ্রব্যের মধ্যে অণুজীব জন্মানোর অনুকূল পরিবেশ পায় না। অনেক ক্ষেত্রে লবণের দ্রবণের সাথে সামান্য ল্যাকটিক এসিড ব্যবহার করা হয়। ফাঙ্গাস ও ছত্রাকের হাত থেকে রক্ষা পাওয়ার জন্য অনেক সময় ����*NaCl* এর সাথে সামান্য চুনের পানি যোগ করা হয়।
- **২। চিনি (Sugar):** চিনি অসমোসিস পদ্ধতিতে খাদ্যের অতিরিক্ত আর্দ্রতা শোষণ করে খাদ্যকে সংরক্ষণ করে। চিনির গাঢ় দ্রবণের সংস্পর্শে ব্যাকটেরিয়া কোষের মধ্যস্থ জলীয় অংশকে চিনির গাঢ় দ্রবণ অসমোসিস প্রক্রিয়ায় শুষে নেয়। ফলে ব্যাকটেরিয়া জন্মাতে পারে না। পানি ছাড়া অণুজীব খাদ্যের ভিতর জন্মাতে পারে না। এতে খাদ্য সংরক্ষিত অবস্থায় থাকে।
- **৩। তেল (Oil):** খাদ্যের উপরিভাগে তেলের স্তর অণুজীবকে খাদ্যের সংস্পর্শে আসতে বাধা দিয়ে খাদ্য সংরক্ষণ করে। তেল খাদ্যকে জরিত হতে না দিয়ে পচনের থেকে রক্ষা করে। অর্থাৎ Anti-Oxidant হিসেবে কাজ করে। তাছাড়া �2*O*2 তৈলাক্ত স্তরভেদ করে পানির স্তরে যেতে পারে না।
- **৪। মসলা (Spices):** বিভিন্ন প্রকার হলুদ, মরিচ গুড়া খাদ্যের স্বাদই শুধু বৃদ্ধি করে না। এদের মধ্যে উপস্থিত বিভিন্ন উপাদান Anti-Oxidant, Anti-Virus এবং Anti-bacterial হিসেবে কাজ করে। এ সমস্ত উপাদানগুলো বায়ুর �2*O*2 এর সাথে মাছ, মাংসের বিক্রিয়ার গতি হ্রাস করে। পাশাপাশি ��*PH* মান নিয়ন্ত্রণ করে। এনজাইমের কার্যকারিতা হ্রাস করে।
- **৫। অ্যালকোহল (Alcohol):** এটি পানিতে অধিক মাত্রায় দ্রবণীয়। H বন্ধনের মাধ্যমে �2�*H2O* সাথে মিশে গিয়ে সর্বত্র সুষম ঘনমাত্রা বজায় রেখে অণুজীবের বৃদ্ধি ও বংশবিস্তার রোধ করে। অধিকাংশ অনুজীব বংশবিস্তারের অনুকূল ��*PH* **হল 6.5 থেকে 7.5**।
- **৬। ভিনেগার (Vinegar): 6-10% CH3COOHCH3COOH এসিডের জলীয় দ্রবণকে ভিনেগার বলে।** এটি খাদ্য দ্রব্যের ��*PH* মানকে কমিয়ে আনে অর্থাৎ অম্লত্ব বাড়িয়ে দেয়। ফলে উচ্চ অম্লীয় দ্রবণে ব্যাকটেরিয়াগুলো সহজে ধ্বংস হতে পারে।

- **খ) কৃত্রিম খাদ্য সংরক্ষক (Artificial food preservatives):** কৃত্রিমভাবে তৈরি যেসব রাসায়নিক দ্রব্য সংরক্ষণে ব্যবহৃত হয় তাদেরকে কৃত্রিম খাদ্য সংরক্ষক বলে। তিন ধরনের কৃত্রিম সংরক্ষক আছে। যথা–
- **১। Anti-Microbial Agent:** যেসব প্রিজারভেটিভ খাদ্যে **ব্যাকটেরিয়া বা ফাংগাস বৃদ্ধি রোধ** করে তাকে অ্যান্টি মাইক্রোবিয়াল এজেন্ট বলে। এটি খাদ্যদ্রব্যের ব্যাকটেরিয়া, Mold (ছত্রাক), ঈষ্ট এর বৃদ্ধি প্রতিহত করে। বিভিন্ন ধরনের সংরক্ষক এক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন– ( ( Na,K)(Na,K)) সরবেট SO2SO2। তাছাড়া মাছ ও মাংসজাত খাদ্য সংরক্ষণেNaNa বা K,NO2–K,NO2–– এবং NO3–NO3–– লবণ ব্যবহৃত হয়। তাছাড়া বেনজয়িক এসিড, NaNa – বেনজয়েট, প্রোপানয়িক এসিড, NaNa – প্রোপানয়েট।
- **i) NaNaবেনজয়েট:** বেনজয়িক এসিডের দ্রাব্যতা কম বলে এর লবণ NaNa বেনজয়েট ব্যবহৃত হয়। এটি খাদ্যের মধ্যে সহজে দ্রবীভূত হয়ে বেনজয়িক এসিড উৎপন্ন করে যা খাদ্যের কোষে শোষিত হয়। এতে কোষের ��*PH* মান কমে আসে ফলে অণুজীবগুলো বংশবিস্তার করতে পারে না। **বেনজোয়িক এসিডের ��*PH* মান 4.2।**
- **ii) NaNa প্রোপানয়েট:** NaNa প্রোপানয়েট সংরক্ষক হিসেবে ব্যবহৃত হয়। এটিও ��*PH* মান কমিয়ে অণুজীবের বৃদ্ধিকে ব্যাহত করে। এটি সাধারণত পাউরুটি এবং পনির সংরক্ষণে ব্যবহৃত হয়।
- **iii) বেনজায়েট:** জ্যাম, জেলি, কার্বনেটেড বেভারেজ, ফলের রস ও আচার সংরক্ষণে সোডিয়াম বেনজোয়েট ব্যবহার করা হয়। কম ��*PH* মানের কার্যকারিতা সীমিত, তবে খাদ্যের এসিডিটি বাড়ালে এর কার্যকারিতা বাড়ে। **খাদ্যে 0.1% বা এর চেয়ে কম পরিমাণে এটি ব্যবহারের অনুমতি রয়েছে।**

- **খাদ্য সংরক্ষণের বিভিন্ন কৌশল (Different Mechanism of Food Safety) আলোচনা কর।**
- **১। শুষ্ককরণ (Drying Process) :** রোদ্রে শুকিয়ে খাদ্য সংরক্ষণ করা হয়। এতে খাদ্যের উপর পানির পরিমাণ কমে ব্যাকটেরিয়া বৃদ্ধি বাধাগ্রস্থ হয়।
- **২। শীতলীকরণ (Cooling Process):** এ পদ্ধতিতে নিম্ন তাপমাত্রায় অণুজীবের পুনরুৎপাদন এবং বংশবিস্তার হ্রাস পায়। তাছাড়া যে সকল এনজাইম খাদ্য পচনে সাহায্য করে এদের কার্যকলাপ হ্রাস পায়, ফলে খাদ্য সংরক্ষিত থাকে।
- **৩। ভ্যাকুয়ামপ্যাকিং :** বায়ুশূণ্য পরিবেশে ব্যাকটেরিয়া বাঁচার জন্য প্রয়োজনীয় �2O2 পায় না। ফলে অণুজীব মারা যায় এবং খাদ্য সংরক্ষিত অবস্থায় থাকে।
- **৪। লবণ যুক্তকরণ/কিউরিং (Curing)**: অসমোসিস পদ্ধতিতে লবণ মাছ, মাংস থেকে আর্দ্রতা সরিয়ে নেয়। তাছাড়া লবণ ক্লস্ট্রিডিয়াম বটুলিনাম নামক অণুজীব যা খাদ্য পচনজনিত বিষ ক্রিয়া সৃষ্টি করে এর বৃদ্ধিকে বাধাগ্রস্থ করে।
- **৫। চিনিযুক্তকরণ :** চিনির শিরাপ বা কেলাস আকারে ফল সংরক্ষণে ব্যবহৃত হয়। এ পদ্ধতিতে খাদ্য কেলাসন না হওয়া পর্যন্ত চিনিতে রান্না করা হয়। প্রক্রিয়াকৃত খাদ্য শুষ্ক অবস্থায় সংরক্ষণ করা হয়। যেমন– লাউ, কুমড়ো এদের মোরোব্বা এ পদ্ধতিতে সংরক্ষণ করা হয়।
- **৬। পিকলিং (Pickling):** এটি হচ্ছে খাদ্যকে কোনো Anti-microbial তরলে সংরক্ষণ করা। এতে খাদ্যকে কোনো তরলে ডুবিয়ে রাখা হয় যাতে ব্যাকটেরিয়া এবং অণুজীব ধ্বংস হয়। সাধারণত অ্যালকোহল, সরিষার তেল, **ব্রাইন (NaCl এর গাঢ় জলীয় দ্রবণ)** এক্ষেত্রে ব্যবহৃত হয়।

- **কাঁচা মাছ কৌটাজাকরণের পদ্ধতি (Method of Raw fish Canning) বর্ণনা কর।**
- মাছে Protein এর পরিমাণ 14–20%, চর্বি 0.2–20%, খনিজ লবণ 1–1.8%, ভিটামিন 0.2–1%, কঠিন পদার্থ 24–35% মাছের চর্বিতে অসম্পৃক্ত ফ্যাটি এসিড থাকায় সব বয়সের মানুষের জন্য এটি হজমযোগ্য। মাছে এই অসম্পৃক্ত ফ্যাটি এসিড জারণ ক্রিয়ার প্রতি খুবই সংবেদনশীল। তাই এটি সহজে পচে যেতে পারে। তাছাড়া মাছ Low Acid Food হওয়ায় সহজে বিভিন্ন অণুজীব দ্বারা আক্রান্ত হতে পারে।
- **পদ্ধতির বর্ণনা :**
- ১। সতেজ এবং স্বাস্থ্যবান মাছ নির্বাচন করা হয়।
- ২। মাছের মাথা কেটে অপ্রয়োজনীয় অংশগুলো বাদ দিয়ে নির্দিষ্ট আকারের টুকরা করা হয়।
- ৩। মাছের টুকরাগুলোকে NaCl দ্রবণে কিছুক্ষণ ভিজিয়ে রাখা হয়। এতে মাছের ভিতর জমাট বাঁধা রক্ত এবং অন্যান্য ময়লা বেরিয়ে আসে।
- ৪। মাছের অপ্রয়োজনীয় তরল এবং **গন্ধ দূর করার জন্য ব্লাঞ্চিং** করা হয়। এতে মাছের অণুজীব মারা যায়। অতঃপর এ টুকরোগুলোকে ZnO এর প্রলেপযুক্ত কৌটার মধ্যে ভর্তি করা হয়। এতে ZnO এবং মাছের ভিতরকার সালফাইড বিক্রিয়া করে ZnS গঠন করে যা মাছের বর্ণ সৃষ্টি করে।
- ৫। কৌটাবদ্ধ মাছের মধ্যে 2% ����*NaCl* দ্রবণ যোগ করা হয়।
- ৬। অতঃপর কৌটাকে **এগজস্টিং** করে সিলিং করা হয়।
- ৭। সবশেষে কৌটা স্টেরিলাইজড করে লেভেলিং করা হয় এবং গুদামজাতকরণ করা হয়।

**মাংস সংরক্ষণ বা কৌটাজাতকরণের পদ্ধতি (Method of Meat Canning) বর্ণনা কর।**

- মাংসে পানি 75%, প্রোটিন 19%, চর্বি 2.5%, কার্বোহাইড্রেট 0.3%, অ্যামিনো এসিড 1.65%, অজৈব লবণ 0.65%, ল্যাকটিজ এসিড 0.9%। সুস্থ, সবল পশুর মাংসে সাধারণত অনুজীব কম থাকে। তবে মাংস সংগ্রহ বা কাটার সময় অণুজীব দ্বারা সহজে আক্রান্ত হয়। এ অণুজীবগুলো প্রোটিন এবং অ্যামাইনো এসিডের �2N2কে গ্রহণ করে দ্রুত বংশবৃদ্ধি করে। এর ফলে মাংসের মধ্যে দুর্গন্ধের সৃষ্টি হয়। তাছাড়া চর্বির জারণ ক্রিয়ার ফলেও মাংস নষ্ট হয়ে টক স্বাদ যুক্ত হয় ।
- **পদ্ধতিঃ**
- ১। সুস্থ, সবল দেহের অধিকারী মাঝারি বয়সের পশু নির্বাচন করা হয়।
- ২। এরপর পশু জবাই করে অপ্রয়োজনীয় অংশগুলো বাদ দেওয়া হয়।
- ৩। মাংসকে নির্দিষ্ট আকারে টুকরা করে বিশুদ্ধ পানিতে ধুয়ে চাপ প্রয়োগে মুক্ত পানি বের করে নেওয়া হয়।
- ৪। অতঃপর ক্যান বা কৌটার মধ্যে মাংসের টুকরাগুলো ভর্তি করে এর মধ্যে 2% ����*NaCl* দ্রবণ এবং মাঝেমধ্যে 2% চিনির দ্রবণ নিয়ে সংরক্ষণ করা হয়।
- ৫। অতঃপর মাংস ভর্তি কৌটাকে এগজস্টিং করে সিলিং করা হয়।
- ৬। অতঃপর স্টেবিলাইজড করে লেভেলিং করে গুদামজাত করা হয়।